

মাহে রমজানকে স্বাগত জানিয়ে চাকসুর সাংস্কৃতিক সন্ধ্যা ও মিছিল

চবি প্রতিনিধি

প্রকাশিত: ২২:২৪, ১৮ ফেব্রুয়ারি ২০২৬



//

পবিত্র মাহে রমজানকে স্বাগত জানিয়ে আনন্দ মিছিল করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু)।

বুধবার (১৮ ফেব্রুয়ারি) আহলান সাহলান মাহে রহমান স্লোগানে রমজানের পবিত্রতা রক্ষা করার আহ্বান জানিয়ে এ মিছিল করা হয়।

আনন্দ মিছিলটি মাগরিবের নামাজের পর চাকসুর সাহিত্য, সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক হারেজুল ইসলাম, সহ-সাহিত্য সংস্কৃতি ও প্রকাশনা সম্পাদক জিহাদ হোসাইন ও সাধারণ শিক্ষার্থীবৃন্দ চাকসু ভবনের সামনে থেকে শুরু হয়ে বুদ্ধিজীবী চতুরে শেষ হয়। এ সময় রমজানে মাসের পবিত্রতা রক্ষা করতে মুসলমানদের প্রতি ও সবার প্রতি আহ্বান জানান চাকসুর প্রতিনিধিরা।

মিছিলে অংশ নেওয়া আজহার উল ইসলাম বলেন, “আমরা
রমজান মাসে যেন পবিত্রতা রক্ষা করতে পারি সেজন্য সবাইকে
আহ্বান জানাচ্ছি। রমজানকে স্বাগত জানাতেই এ মিছিল করেছি
আমরা।”

এছাড়াও মিছিলের শেষে দুর্নির্বার শিল্পীগোষ্ঠীর সহায়তায় একটি
সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজন করেন।
